



বাংলাদেশ কৃষি ব্যাংক  
মানিলভারিং, সন্তাসে অর্থায়ন প্রতিরোধ ও  
বুঁকি ব্যবস্থাপনা বিভাগ

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ইমেইল: [camlco@krishibank.org.bd](mailto:camlco@krishibank.org.bd)

ফোন: ২২২৩৩৮৪৮৮৮৬

নং-প্রকা/আরএমডি/এএমএল-৪/বাংলাদেশ ব্যাংক/২০২৩-২৪/২৫০৪

তারিখ: ১২৮-১২-২০২৩

- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
- ০২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
- ০৩। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
- ০৬। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়: বিএফআইইউ এর সাথে বাংলাদেশ কৃষি ব্যাংক এর প্রতিনিধি দলের অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন  
প্রসঙ্গে।

মহোদয়,

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU) হতে বিগত ০৯.১১.২০২৩ তারিখে GoAML এ প্রাপ্ত পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বিএফআইইউ এর পরিচালক মহোদয়ের সাথে বাংলাদেশ কৃষি ব্যাংক এর CAMLCO মহোদয়ের নেতৃত্বাধীন প্রতিনিধি দলের সাথে বিগত ১১.০৯.২০২৩ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ব্যাংকের AML/CFT বিষয়ক ঘান্ধাসিক প্রতিবেদন, ব্যাংক কর্তৃক দাখিলকৃত CTR, STR, ব্যাংকের সার্বিক AML/CFT পরিপালন অবস্থা, বিগত পাঁচ বছরের AML Rating (প্রধান কার্যালয় ও শাখা পর্যায়ে), ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন, ব্যাংকের প্রধান কার্যালয় ও শাখার AML/CFT বিষয়ক সিস্টেম চেক পরিদর্শনে প্রাপ্ত অনিয়ম এবং এতদ্সংশ্লিষ্ট ভবিষ্যৎ করণীয় বিষয়ে BFIU কর্তৃক বিশদভাবে পর্যালোচনা করা হয়।

সে প্রেক্ষিতে, ব্যাংকের মানিলভারিং ও সন্তাসে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থা আরও জোরদার করার লক্ষ্যে BFIU এর পর্যালোচনার আলোকে নিম্নবর্ণিত পরিপালনীয় নির্দেশনাবলী জারী করা হলো।

০১. যথাযথভাবে KYC করার জন্য শাখাসমূহের হিসাব খোলার ডেক্সে অভিজ্ঞ ও দক্ষ কর্মকর্তাকে দায়িত্ব দিতে হবে;
০২. শাখায় গ্রাহকদের পেশা ও আয়ের সাথে সঙ্গতি রেখে বুঁকির ভিত্তিতে যথাযথভাবে হিসাবসমূহ শ্রেণীবিন্যাস/শ্রেণীকরণ করতে হবে, অযথা নিম্ন বুঁকি প্রদান করা যাবে না;
০৩. উচ্চ বুঁকিসম্পন্ন হিসাব এর তালিকা প্রণয়ন করতঃ তা নিয়মিত হালনাগাদ রাখতে হবে ও গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা বা EDD নিশ্চিত করতে হবে;
০৪. শাখায় PEPs, প্রভাবশালী ব্যক্তি, আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার কোনো হিসাব রয়েছে কিনা তা যথাযথভাবে সনাক্ত করার জন্য কার্যকর পদক্ষেপ নিতে হবে;

প্রবর্তী পাতা/০২

১২

০৫. শাখাওয়ারী লিগ্যাসী হিসাবের তালিকা প্রণয়ন করতে হবে, যথাযথভাবে কেওয়াইসি সম্পর্ককরতঃ লিগ্যাসী হিসাব হালনাগাদ করাসহ তথ্য/উপাত্ত যথাযথভাবে শাখায় সংরক্ষণ করতে হবে;
০৬. শাখা কর্তৃক মানিলভারিং, সন্তাসে অর্থায়ন ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে CTR প্রেরণের পূর্বে সন্দেহজনক লেনদেন হয়েছে কিনা তা যাচাইপূর্বক প্রয়োজনে STR করতে হবে;
০৭. শাখায় সন্দেহজনক লেনদেন ও ঘটনা সনাক্ত করার জন্য কার্যকর পদ্ধতি/টুল উদ্ভাবন করতে হবে;
০৮. শাখা পর্যায়ে যেসকল অস্বাভাবিক লেনদেন/ঘটনা নিষ্পত্তি করা হয়েছে তার সঠিক তথ্য সংরক্ষণ করতে হবে;
০৯. KYC, লেনদেন মনিটরিং ও CTR, STR রিপোর্টিং ও KYC হালনাগাদ ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

এমতাবস্থায়, বিএফআইইউ কর্তৃক প্রদত্ত নির্দেশনাবলী এবং এতদ্সংশ্লিষ্ট পরিপালনীয় বিষয়াদি যথাযথভাবে বাস্তবায়নপূর্বক ব্যাংকের মানিলভারিং ও সন্তাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমকে শক্তিশালীকরণে সক্রিয় ভূমিকা পালনের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বাস,  
  
(এফ এম এ রহিম)  
উপমহাব্যবস্থাপক  
ও

উপপ্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা  
(DCAMLCO)

#### সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ) ও প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৬। নথি/মহানথি।